গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

নম্বর-২৯.০০.০০০০.২১৩.৯৯.০৩০.২২-১২৬ তারিখ : ২৩ ফেব্রুয়ারি ২০২৩

অফিস আদেশ

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ০৬ জুলাই ২০২২ তারিখের ২৯.০০.০০০০.২১৩.৯৯.০০১.১৯-৩৭৪ সংখ্যক অফিস আদেশ আংশিক সংশোধন পূর্বক উন্নয়ন অধিশাখার আওতাধীন উন্নয়ন শাখা, পরিকল্পনা-১ শাখা ও পরিকল্পনা-২ শাখার কার্যবন্টন নির্দেশক্রমে পুনর্বিন্যাস করা হলো:

উন্নয়ন শাখা

- পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, তিনটি পার্বত্য জেলা পরিষদ এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও বিভিন্ন মন্ত্রণালয়ের অধীন উন্নয়ন সহায়তার আওতায় বাস্তবায়নাধীন স্কিমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও মনিটরিং ;
- তিনটি উন্নয়ন সহায়তা বরাদ্দের অর্থ ছাড় সংক্রান্ত কার্যাদি;
- মাসিক উন্নয়ন পর্যালোচনা সভা সংক্রান্ত কার্যাদি;
- অর্থ বছর শেষে উন্নয়ন খাতে বরাদ্দকৃত অর্থের ব্যয় বিবরণী প্রস্তুত করা;
- "পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোডনং-২২১০০০৯০০)" খাতে বরাদ্দকৃত অর্থের আওতায় স্কিম গ্রহণের লক্ষ্যে স্কিম প্রস্তাব আহবান, প্রাপ্ত প্রস্তাব প্রাথমিক বাছাইকরণ ও বিদ্যমান আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থাপন পূর্বক বিভাজন আদেশ জারীকরণ সংক্রান্ত কার্যাদি;
- জাতীয় সংসদ, সংসদীয় স্থায়ী কমিটি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের চাহিদা অনুযায়ী প্রকল্প ও উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি প্রেরণ;
- চাহিদা মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন এবং অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় উন্নয়ন প্রকল্পের তথ্য প্রেরণ;
- উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

পরিকল্পনা-১ শাখা

- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য জেলা পরিষদসমূহ, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়াকরণ, অর্থ অবমুক্তি এবং এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর সাথে যোগাযোগ/সমন্বয় সাধন;
- মধ্যমেয়াদি বাজেট কাঠামোতে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) প্রণয়নের জন্য পরিকল্পনা কমিশনের চাহিদা অনুযায়ী তথ্যাদি প্রেরণ;
- এ শাখার সংশ্লিষ্ট প্রকল্পের একনেক সভা ও এনইসি সভা সংক্রান্ত কার্যাদি;
- এ শাখার সংশ্লিষ্ট প্রকল্পের জন্য বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে যোগাযোগ ও সমন্বয় সাধন;
- এ শাখার সংশ্লিষ্ট প্রকল্পের উন্নয়ন প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি, প্রকল্প স্টিয়ারিং কমিটি সংক্রান্ত যাবতীয় কার্যাদি;
- সরকারের ভিশন/মিশন ইত্যাদি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন;
- সরকারের এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলী;
- উন্নয়ন প্রকল্প/স্কিম মনিটরিং ও তদারকি;
- "পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোডনং-২২১০০০৯০০)" এর আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী তিন পার্বত্য জেলা পরিষদের স্কিমসমূহের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদন প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যক্রম;
- এডিপি বহির্ভূত প্রকল্প সংক্রান্ত কাজ;
- অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্য বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন;

চলমান পাতা-০২

- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তিন পার্বত্য জেলায় বাস্তবায়নের জন্য প্রেরিত উন্নয়ন প্রকল্প/প্রকল্প প্রস্তাবের উপর মতামত প্রদান সংক্রান্ত কার্যক্রম;
- রূপকল্প ২০৪১ ও ডেলটা প্ল্যান ২১০০ সংক্রান্ত কার্যাবলী;
- উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

পরিকল্পনা-২ শাখা

- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের উন্নয়ন প্রকল্প প্রণয়ন, অনুমোদন প্রক্রিয়াকরণ, অর্থ অবমুক্তি এবং এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর সাথে যোগাযোগ/সমন্বয় সাধন;
- ইসিমোড এর উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম;
- জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত প্রকল্পের কার্যক্রম;
- এ শাখার সংশ্লিষ্ট প্রকল্পের জন্য বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে যোগাযোগ ও সমন্বয় সাধন;
- এ শাখার সংশ্লিষ্ট প্রকল্পের একনেক সভা সংক্রান্ত কার্যাদি;
- উন্নয়ন কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ এবং চাহিদা মোতাবেক অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক উন্নয়ন প্রকল্পের তথ্য প্রেরণ;
- এ শাখার সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি, প্রকল্প স্টিয়ারিং কমিটি সংক্রান্ত যাবতীয় কার্যাদি;
- সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনা, অর্থনৈতিক সমীক্ষা সংক্রান্ত কার্যাবলী;
- প্রধানমন্ত্রীর অগ্রাধিকার, প্রতিশ্রুতি ও বাজেট বক্তৃতার জন্য তথ্যাদি প্রেরণ সংক্রান্ত কার্যাদি;
- উন্নয়ন প্রকল্প/স্কিম মনিটরিং ও তদারকি;
- "পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোডনং-২২১০০০৯০০)" এর আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের স্কিমসমূহের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদন প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যক্রম
- মন্ত্রণালয়ের বিভিন্ন শাখার চাহিত তথ্যাদি প্রেরণ ও সমন্বয় সাধন;
- উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় অন্যান্য কার্যাবলি।

(সজল কান্তি বনিক)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৩১৪
Email: dsadmin@mochta.gov.bd

নম্বর-২৯.০০.০০০০.২১৩.৯৯.০৩০.২২-১২৬

তারিখ : ২৩ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্মসচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপসচিব (পরিকল্পনা-১), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৫। সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব এর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। চিফ একাউন্টস এন্ড অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৮। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (উন্নয়ন/পরিকল্পনা-১/পরিকল্পনা-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৩/০২/২০২৩
(সজল কান্তি বনিক)
উপসচিব